

স্কুলে স্কুলে আজ বই উৎসব

■ ইত্তেফাক রিপোর্ট

আজ ১ জানুয়ারি দেশব্যাপী পালন করা হবে বই উৎসব। শিক্ষার্থীরা খালি হাতে স্কুলে আসবে আর বিনামূল্যের বই নিয়ে বাড়ি ফিরবে। আজ সকাল দশটায় রাজধানীর মতিঝিল সরকারি বালক বিদ্যালয় মাঠে কেন্দ্রীয়ভাবে পাঠ্যপুস্তক উৎসব পালন করা হবে। উৎসবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তারা উপস্থিত থাকবেন। জামায়াত ইসলামী ঢাকা হরভালের মধ্যেও বই উৎসব করা হবে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, যে কোনো বাধা উপেক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় গত পাঁচ বছরের ন্যায় এবারও বছরের প্রথম দিনে বিনামূল্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সকল ছাত্র-ছাত্রীর হাতে বই ভরে দেয়ার জন্য সম্পূর্ণ প্রস্তুত।

এবার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ৪ কোটি ৪৪ লাখ ৫২ হাজার ৩৭৪ জন শিক্ষার্থীর হাতে ৩২ কোটি ৬৩ লাখ ৪৭ হাজার ৯২৩টি বই দেয়া হবে। এর মধ্যে ৩ধু প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শ্রেণীর ২ কোটি ২৯ লাখ শিক্ষার্থীর মাঝে পাঠ্যবই বিতরণ করা হবে। প্রাথমিকের জন্য পৃষ্ঠা ১৯ কলাম ১